অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/8/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউবার্গ সিটিতে 31 মিলিয়ন মার্কিন ডলারের বেশির সিউয়ার প্রকল্পের সমাপ্তি ঘোষণা করেছেন

স্টেট এবং ফেডারেল বিনিয়োগ দ্বারা প্রকল্পের অর্থায়ন হয়েছে, যার মধ্যে 28 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং 3 মিলিয়ন মার্কিন ডলার সুদমুক্ত অর্থায়ন রয়েছে

ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইন দ্বারা অর্থায়িত নিউ ইয়র্ক স্টেটে প্রথম পরিষ্কার পানি অবকাঠামো প্রকল্প যার কাজ শেষ হয়েছে

বর্জ্যপানির অবকাঠামো আধুনিকায়িত করার মাধ্যমে প্রকল্পটি পানির মান এবং ঝড়ের স্থিতিস্থাপকতা উন্নত করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউবার্গের নর্থ ইন্টারসেপ্টর সিউয়ার উন্নয়ন প্রকল্পের (North Interceptor Sewer Improvement Project) কাজ শেষ হয়েছে, হাডসন রিভারের পানির মান সুরক্ষিত রাখতে এবং ঝড়ের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে এটি অতি গুরুত্বপূর্ণ। এটি আংশিকভাবে ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইন (Bipartisan Infrastructure Law, BIL) দ্বারা অর্থায়িত নিউ ইয়র্ক স্টেটের প্রথম পরিষ্কার পানি অবকাঠামো নির্মাণ প্রকল্প যার কাজ শেষ হয়েছে। 31 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ব্যয়ের প্রকল্পটির অর্থায়ন করেছে স্টেট ও ফেডারেল বিনিয়োগ, যার মধ্যে 28 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং 3 মিলিয়ন মার্কিন ডলার সুদমুক্ত অর্থায়ন আছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট সমতার সাথে এবং দক্ষতার সাথে ফেডারেল তহবিল বিতরণ করছে যাতে অতি গুরুত্বপূর্ণ বর্জ্য পানি ও খাওয়ার পানির প্রকল্প শুরু ও এর কাজ শেষ করার জন্য সম্প্রদায়সমূহকে সাহায্য করা যায়, এটি স্থানীয় করদাতাদের উপর আর্থিক প্রভাব সর্বনিম্ন করবে।

"আমাদের স্টেটের অভূতপূর্ব পরিষ্কার পানি বিনিয়োগের সাথে মিলিত হয়ে, দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের থেকে পাওয়া তহবিল উল্লেখযোগ্য পরিবেশগত উন্নয়ন করার একটি অতি গুরুত্বপূর্ণ সুযোগ প্রদান করে যা আগামী বহু প্রজন্ম ধরে পুরো স্টেটের জনস্বাস্থ্যকে সুরক্ষিত রাখবে," **গভর্নর হোকল বলেছেন।** "পরিবেশ সুরক্ষায় এবং নিউবার্গে জীবনযাত্রার মান উন্নত করতে এই উন্নয়নগুলি অত্যাবশ্যকীয়, এবং সম্প্রদায়সমূহকে অতি গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ শুরু ও শেষ করতে, এবং তা যত সাশ্রয়ীভাবে সম্ভব করতে সাহায্য করার জন্য তহবিল পৌঁছে দিতে আমার প্রশাসন পরিশ্রম করা অব্যাহত রাখবে।"

BIL থেকে পাওয়া 6 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল অনুদান এবং সুদমুক্ত অর্থায়নের পাশাপাশি প্রকল্পটি পানির মান উন্নয়ন প্রকল্প (Water Quality Improvement Project) এবং পানির অবকাঠামো উন্নয়ন কর্মসূচি (Water Infrastructure Improvement Program) থেকে 15 মিলিয়ন মার্কিন ডলার স্টেট অনুদান, পরিষ্কার পানির স্টেটের আবর্তিত তহবিল (Clean Water State Revolving Fund) থেকে 5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান, 3 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল কমিউনিটি অনুদান, এবং ফেডারেল আমেরিকান উদ্ধার পরিকল্পনা আইন (American Rescue Plan Act) থেকে 2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান পেয়েছে।

উল্লেখযোগ্য স্টেট এবং ফেডারেল বিনিয়োগটি পানির উচ্চতা বেড়ে যাওয়ার ঘটনা সহ্য করার জন্য সিটির সক্ষমতা বৃদ্ধি করতে এবং হাডসন রিভারের দূষণ হ্রাস করতে 8,700 সরল ফুট নতুন, বৃহত্তর সিউয়ার পাইপের নির্মাণ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ উন্নয়নকাজকে সমর্থন করেছে। 2,000 সরল ফুটের বেশি ভূগর্ভস্থ সিউয়ার পাইপলাইন স্থাপন করতে উদ্ভাবনী মাইক্রোটানেলিং কৌশল ব্যবহার করা হয়েছে, যা সম্প্রদায়ের বাসিন্দাদের জন্য বিঘ্ন হ্রাস করে এবং নির্মাণকাজ ত্বরান্বিত করে। নতুন, বৃহত্তর পাইপগুলি ব্যবস্থার ধারণক্ষমতা বৃদ্ধি করছে এবং ভেজা আবহাওয়ার ঘটনার সময় আরো প্রবাহের দিক পরিবর্তন করে সিটির পরিশোধনাগারে প্রেরণ করার মাধ্যমে হাডসন রিভারে প্রবাহিত হওয়া দূষণ হ্রাস করছে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ ও স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয়ে স্টেটের আবর্তিত তহবিলের মাধ্যমে এই ফেডারেল তহবিলটির পরিচালনা করছে নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC)। স্টেটের 2024 অর্থবছরে পরিষ্কার পানি অবকাঠামোর জন্য রেকর্ড 2.2 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের অংশ হিসেবে EFC আটটি প্রকল্পের জন্য 96 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছে।

EFC এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেছেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটে পানির মান নিরাপদ রাখতে স্থানীয় সম্প্রদায়সমূহের সাথে কাজ করা, জনস্বাস্থ্য ও পরিবেশকে সুরক্ষিত রাখতে রেকর্ড বিনিয়োগ করা, এবং একই সাথে এই প্রকল্পসমূহের ক্রয়সাধ্যতা নিশ্চিত করতে গভর্নর হোকলের নেতৃত্বাধীনে স্থানীয় সম্প্রদায়সমূহের সাথে কাজ করার জন্য EFC প্রতিশ্রুতিবদ্ধ। অতি গুরুত্বপূর্ণ বর্জ্যপানির উন্নয়নকাজ শেষ করতে নিউবার্গ সিটির সাথে EFC এর চলমান অংশীদারিত্ব হাডসন রিভারের পানির মানের জন্য চিহ্নিত উন্নয়নকাজ করতে সাহায্য করছে, স্থানীয় করদাতাদের জন্য আনুমানিক 24 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করছে।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "স্থানীয় বাসিন্দা এবং হাডসন রিভারের স্বাস্থ্যের উপর নিউবার্গ সিটির 31 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়ন প্রকল্পের কাজ শেষ করার একটি ইতিবাচক প্রভাব থাকবে। বাইডেন-হ্যারিস প্রশাসনের দ্বিপাক্ষিক অবকাঠামো আইনের থেকে পাওয়া তহবিল দ্বারা বলীয়ান হয়ে পানির মানের জন্য গভর্নর হোকলের টেকসই ও প্রজন্মগত বিনিয়োগের কারণে আজকে শেষ হওয়া পরিষ্কার পানির অবকাঠামোর মুখ্য উন্নয়নকাজ সম্প্রদায়ের ঝড়ের স্থিতিস্থাপকতা উন্নত করবে এবং একই সাথে দূষণ হ্রাস করবে, যা সম্পূর্ণ অঞ্চলকে লাভবান করবে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "নিউবার্গের অত্যাবশ্যকীয় নর্থ ইন্টারসেপ্টর সিউয়ার উন্নয়ন প্রকল্পের মতো প্রকল্পের অর্থায়নে সাহায্য করতে দ্বিপক্ষীয় অবকাঠামো আইন পাশ করাতে আমি জোর লড়াই করেছি, এই প্রকল্পটি ঝড়ের বিরুদ্ধে সুরক্ষা বলীয়ান করতে এবং হাডসন রিভারকে পরিষ্কার রাখতে সাহায্য করার জন্য আধুনিক সিউয়ার পাইপ স্থাপন করবে। নিউবার্গের পানির অবকাঠামো উন্নত করতে এবং আমাদের প্রিয় নিউবার্গ এলাকাকে বসবাস ও কাজের জন্য আরো স্বাস্থ্যকর ও নিরাপদ স্থান করতে নিউবার্গ সিটি, রিভারকিপার, নিউবার্গ পরিষ্কার পানি প্রকল্প, এবং অন্যান্য স্থানীয় অ্যাডভোকেটদের সাথে বহু বছর ধরে আমি কাজ করছি। নিউ ইয়র্কের প্রথম পরিষ্কার পানি অবকাঠামো প্রকল্পের কাজ শেষ করার জন্য ফেডারেল তহবিল ব্যবহার করার ক্ষেত্রে গভর্নর হোকলের কাজের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি, এবং আমাদের হাডসন ভ্যালির সম্প্রদায়সমূহকে সমর্থন করার তহবিল প্রদান করতে লড়াই চালিয়ে যাবো।"

এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) আঞ্চলিক প্রশাসক লিসা এফ. গার্সিয়া বলেন, "নিউবার্গে, ঠিক এখানেই, বাইডেন-হ্যারিস প্রশাসন সম্মিলিত সিউয়ারের অতিরিক্ত প্রবাহের বহু প্রজন্মের সমস্যা সমাধান করতে পুরো দেশের সম্প্রদায়সমূহের স্বাস্থ্য, সমতা ও স্থিতিস্থাপকতার বিনিয়োগ করার তাদের প্রতিজ্ঞা পূরণ করেছে। আমরা জখন বর্জ্যপানির অবকাঠামোতে বিনিয়োগ করি তখন আমরা শুধু হাডসন রিভারের মতো একটি প্রিয় প্রাকৃতিক সংস্থানের স্বাস্থ্যে বিনিয়োগ করছি না, বরং এছাড়াও এর তীরে বসবাসরত সম্প্রদায়ের সদস্যদের জন্যও বিনিয়োগ করছি। দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের অধীনে অর্থায়িত নিউ ইয়র্ক স্টেটের পরিষ্কার পানি প্রকল্পের কাজ সবার প্রথমে শেষ করার জন্য নিউবার্গকে অভিনন্দন। এটি একটি দারুণ মাইলফলক এবং নিউ ইয়র্ক স্টেটে সাফল্যের বহু গল্পের মাত্র প্রথমটি।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "তারা কোথায় বাস করে তা নির্বিশেষে সকল আমেরিকানের জন্য পরিষ্কার পানি সহজলভ্য হওয়া উচিত। পরিবেশ ও জনস্বাস্থ্যকে সুরক্ষিত রাখার জন্য উচ্চমানের বর্জ্যপানি ব্যবস্থা অত্যাবশ্যকীয়, এবং এই অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর উন্নয়ন করতে ফেডারেল তহবিল ব্যবহার হতে দেখে আমি কৃতজ্ঞ। দ্বিপক্ষীয় অবকাঠামো আইন পাশ করাতে আমি কঠোর পরিশ্রম করেছি, এবং এই ঐতিহাসিক বিধিমালার তহবিল যে ইতিমধ্যেই নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহের জন্য একটি পার্থক্য সৃষ্টি করছে তা দেখে আমি গর্বিত।"

প্রতিনিধি প্যাট রায়ান বলেন, "আমাদের পরিবারের স্বাস্থ্য এবং আমাদের পরিবেশের সমৃদ্ধির জন্য পরিষ্কার পানি অত্যাবশ্যকীয়। ঐতিহাসিক দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের ল্যান্ডমার্ক বিনিয়োগ দ্বারা ইন্ধনপ্রাপ্ত এই প্রকল্পটি যে বর্তমানে এবং আগামী দিনের প্রজন্মসমূহের জন্য আরো পরিষ্কার পানি প্রদান করার মাধ্যমে নিউবার্গের পরিবারসমূহের জন্য একটি নতুন অধ্যায়ের সূচনা করছে তার জন্য আমি গর্বিত। আমাদের এখানে এধরণের আরো যুগান্তকারী ফেডারেল বিনিয়োগ নিয়ে আসার জন্য আমি কাজ চালিয়ে যাবো এবং প্রত্যেক হাডসন পরিবারের প্রাপ্য পরিষ্কার পানির জন্য লড়াই চালিয়ে যাবো।"

অ্যাসেম্বলির সদস্য জোনাথান জ্যাকবসন বলেন, "রেকর্ড সময়, 2 ½ বছরে, যুগান্তকারী এই পরিবেশ বিষয়ক প্রকল্পের কাজ শেষ করার জন্য নিউবার্গ সিটিকে অভিনন্দন। এই প্রকল্পটি

হাডসন রিভারে 56 মিলিয়ন গ্যালন অপরিশোধিত বর্জ্য ফেলা বন্ধ করেছে। ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইন, আমেরিকান উদ্ধার পরিকল্পনা, এবং স্টেটের তহবিলের মাধ্যমে পাওয়া জীবনে একবার আসে এমন সুযোগটির সদ্ব্যবহার নিউবার্গ করেছে। নিউ ইয়র্ক স্টেট থেকে অর্ধেকের বেশি, 15 মিলিয়ন মার্কিন ডলার তহবিল এসেছে। অত্যাবশ্যকীয় এই প্রকল্পটির কাজ নিউবার্গের করদাতাদের সর্বনিম্ন ব্যয়ে শেষ হয়েছে। এই প্রকল্পের কাজ শেষ করার জন্য কঠোর পরিশ্রমী ইউনিয়ন সদস্য এবং স্টেট সরকারে আমার অংশীদারদের ধন্যবাদ, যার মধ্যে রয়েছেন গভর্নর ক্যাথি হোকল, এবং সেই সাথে ফেডারেল সরকার ও স্থানীয় কর্মকর্তাবৃন্দ।"

নিউবার্গ সিটির মেয়র টোরেন্স হার্ভে বলেন, "জলবায়ু পরিবর্তনের প্রভাবের মোকাবেলা করার জন্য মিউনিসিপ্যাল অবকাঠামো বলীয়ান করার জন্য অপরিহার্য নীতিমালা, এবং আমাদের অত্যাবশ্যকীয় প্রাকৃতিক সংস্থানের রক্ষণাবেক্ষণের জন্য নৈতিক দায়বদ্ধতা সম্পর্কে গভর্নর হোকল জানেন। হাডসন রিভারের সকল সম্প্রদায়কে লাভবান করার এই রূপান্তরকারী পরিষ্কার পানির প্রকল্পের জন্য গভর্নর হোকলের প্রশাসন দক্ষভাবে এবং কার্যকরভাবে সরাসরি নিউবার্গ সিটির কাছে স্টেটের এবং বাইডেন-হ্যারিস প্রশাসনের দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের ফেডারেল তহবিল প্রদান করেছে। গভর্নর হোকলের নেতৃত্ব এবং আমাদের বাসিন্দাদের, এবং হাডসন ভ্যালির সকল বাসিন্দাদের স্বাস্থ্যের প্রতি তার প্রতিশ্রুতির জন্য নিউবার্গ সিটি তার প্রতি চিরদিনের জন্য কৃতজ্ঞ।"

রিভারকিপারের অ্যাডভোকেসি, নীতিমালা, এবং পরিকল্পনার সিনিয়র পরিচালক ড্যান শেপলি বলেন, "হাডসনে দূষণ বন্ধ করার পক্ষে রিভারকিপার 50 বছরের বেশি সময় ধরে কাজ করছে। সিউয়েজ ও ঝড়ের পানিকে মিশ্রিত করে এমন পানি পরিশোধনাগার অবকাঠামোর অতিরিক্ত প্রবাহ নির্মূল করতে নদীর উভয় পাশের সম্প্রদায়সমূহ বিনিয়োগ করছে, তাই এই প্রকল্পের অর্থ হলো আমরা আরো পরিষ্কার পানি পাবো। আমাদের, মানুষদের সহ, হাডসনের উপর নির্ভর করা সকল জীবনের জন্য তা উত্তম। ইতিমধ্যে নদীর অধিকাংশ, বেশিরভাগ সময়ে সাঁতার কাটার জন্য নিরাপদ, এবং এই প্রকল্পটি ভবিষ্যতে নিরাপদ বিনোদনের জন্য আরো সুযোগ উন্মোচন করবে। নিউবার্গকে, একই সাথে এমন প্রকল্পের জন্য তহবিল উপলভ্য করা স্টেট এবং ফেডারেল নেতৃবৃন্দকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। অ্যালবানিতে পরবর্তী বিধানিক অধিবেশন শুরু হতে চলেছে এবং পরিষ্কার পানি অবকাঠামো আইনে অব্যাহত প্রতিশ্রুতির জন্য রিভারকিপার অ্যাডভোকেট করে যাবে যাতে করে সম্প্রদায়সমূহ এই ধরণের উন্নয়নকাজ করা অব্যাহত রাখতে পারে।"

পানির মান সম্পর্কে নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক স্টেট পানি অবকাঠামোতে এর দেশসেরা বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে, যার মধ্যে রয়েছে শুধু স্টেটের অর্থবছর 2024 এর জন্য স্থানীয় পানি অবকাঠামো প্রকল্পের জন্য EFC থেকে প্রদত্ত 2.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক সহায়তা। অর্থবছর 2025 সালের প্রণীত বাজেটে পরিষ্কার পানি অবকাঠামোর জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করার জন্য গভর্নর হোকলের ঘোষণার ফলে 2017 সাল থেকে এই বছর পর্যন্ত নিউ ইয়র্ক পানির অবকাঠামোতে মোট 5.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। গভর্নর হোকলের স্টেট অভ দ্য স্টেট উদ্যোগগুলো স্থানীয় সরকারসমূহের সাথে চলমান সমন্বয় অব্যাহত রাখা নিশ্চিত করতে এবং কমিউনিটিগুলো যাতে এই বিনিয়োগ কাজে লাগাতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করছে। গভর্নর ক্ষুদ্রতর, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য বর্জ্যপানি প্রকল্পের জন্য

WIIA অনুদান মোট যোগ্য প্রকল্প ব্যয়ের 25 শতাংশ থেকে 50 শতাংশে বৃদ্ধি করেছেন। এছাড়াও ক্ষুদ্র, গ্রামীণ এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে এই তহবিল ব্যবহার করতে এবং তাদের পরিষ্কার পানি অবকাঠামোর চাহিদা পূরণে সাহায্য করতে গভর্নর EFC এর কমিউনিটি সহায়তা টিমগুলো সম্প্রসারিত করেছেন। নিজেদের পানির অবকাঠামোর জন্য সাহায্য প্রয়োজন এমন যেকোনো সম্প্রদায়কে EFC এর সাথে এখানে https://efc.ny.gov/CAT যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে।

এই তহবিল ভোটার-সমর্থিত 4.2 বিলিয়ন মার্কিন ডলারের ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার ও গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড আইন 2022 সহ অন্যান্য উল্লেখযোগ্য জলের গুণগতমানে বিনিয়োগের পাশাপাশি যা পুরোন জলের অবকাঠামো আপডেট করতে এবং জলের গুণগতমান রক্ষা করতে, তীব্র ঝড় ও বন্যা সহ্য করার জন্য কমিউনিটির সক্ষমতা জোরদার করতে, বায়ু দূষণ হ্রাস করতে এবং জলবায়ু পরিবর্তনকারী নির্গমন হ্রাস করতে, আবাসস্থল পুনরুদ্ধার করতে এবং বাইরের জায়গা ও স্থানীয় খামার সংরক্ষণের জন্য ঐতিহাসিক স্তরে মূলধনকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এনভায়রনমেন্টাল বন্ড আইনের অধীনে তহবিলের প্রথম রাউন্ড ডিসেম্বর মাসে WIIA/ইন্টারমিউনিসিপ্যাল অনুদান (Intermunicipal Grant, IMG) কর্মসূচির মাধ্যমে প্রদান করা হয়েছে, যখন গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে 156টি প্রকল্পের জন্য 479 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করেন, যার মধ্যে 309 মিলিয়ন মার্কিন ডলার সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য উপলভ্য করা হয়। সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ বন্ড আইন তহবিল সুবিধার কমপক্ষে 35 শতাংশ পাবে, এবং 40 শতাংশ প্রদানের লক্ষ্য থাকবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন